## এক নজরে

### কারখানায় জখম প্রৌঢ়কে উদ্ধার

গলায় ধারালো অস্ত্রের আঘাতে জখম এক প্রৌঢ়কে উদ্ধার করা হয়েছে একটি কারখানার ভিতর থেকে। সোমবার সকালে, পাটুলি থানার রামগড় বাজার এলাকায়। জখম ব্যক্তি পেশায় প্রতিমা শিল্পী। নিজের প্রতিমা তৈরির কারখানা থেকেই স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করেন। প্রাথমিক ভাবে পুলিশ দাবি করেছিল, নিখিল পাল নামে বছর বাহান্নের ওই প্রৌঢ় আত্মঘাতী হওয়ার চেষ্টা করেছেন। যদিও পরে নিখিল দাবি করেন, তাঁর উপরে হামলা হয়েছে। যার ভিত্তিতে পুলিশ একটি খুনের চেষ্টার মামলা রুজু করে তদন্তে নেমেছে। এ দিন হাসপাতালে নিখিলের অস্ত্রোপচার হয়। এ দিন সকালে গলায় গভীর ক্ষত-সহ নিখিলকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। কারখানায় নিত্যপুজো করতে আসা পুরোহিত স্থানীয় এক রিকশাচালককে বিষয়টি জানান। তাঁর মারফত খবর জানাজানি হয়।

### বাঁধ মেরামতি

বার বার ধস নেমে ঘটছে বিপত্তি। অভিযোগ, প্রতি বার সারানো হয় ঠিকই, তবে জোড়াতালি দিয়ে। তাই তা দীর্ঘস্থায়ী হয় না। সেই কারণে এ বার ১৫ কোটি টাকা ব্যয়ে বজবজ-২ ব্লকের রায়পুরে হুগলি নদীর বাঁধের স্থায়ী সংস্কার করা হবে বলে সিদ্ধান্ত নিয়েছে প্রশাসন। ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি বুচান বন্দ্যোপাধ্যায় বললেন, ''এ বার স্থায়ী ভাবে বাঁধ সংস্কারের জন্য প্রায় ১৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে। দরপত্র প্রক্রিয়াও হয়ে গিয়েছে। খুব শীঘ্রই সেচ দফতর বাঁধ সংস্কারের কাজ শুরু করবে।''

### পুড়ল ঘর

দু'টি বাচ্চা দেশলাই বাক্স নিয়ে খেলতে খেলতে কোনও ভাবে আগুন ধরে গিয়েছিল ঘরে। ধোঁয়া বেরোতে দেখে ছুটে আসেন স্থানীয়েরা। দ্রুত ঘর থেকে লোকজন ও সামগ্রী বার করে আনা হয়। দমকলের দু'টি ইঞ্জিন গিয়ে কিছু ক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। সোমবার, বিধাননগরের ৩৮ নম্বর ওয়ার্ডের দত্তাবাদের ঘটনা। খবর পেয়ে আসেন দমকলমন্ত্রী সুজিত বসু। স্থানীয় তৃণমূল নেতা নির্মল দত্ত জানান, একটি ঘর পুড়ে গিয়েছে।

### ধৃত প্রতারক

হোটেলে চাকরি পাইয়ে দেওয়ার নাম করে জগাছার এক বাসিন্দার কাছ থেকে দেড় লক্ষ টাকা নিয়েছিলেন এক ব্যক্তি। কিন্তু, যাঁর কাছ থেকে টাকা নেওয়া হয়েছিল, তিনি চাকরি পাননি। টাকাও ফেরত আসেনি। এর পরে তিনি বাগুইআটির নারায়ণপুর থানায় যান। তদন্তে নেমে রবিবার বিহার থেকে অভিযুক্তকে ধরেছে পুলিশ। ধৃতের নাম বিশালকুমার কৈলাস। উদ্ধার হয়েছে টাকা।

## ভুয়ো লটারির বিরুদ্ধে অভিযান, ধৃত ন'জন

নিজস্ব সংবাদদাতা

ভুয়ো লটারি এবং বেআইনি অনলাইন লটারির বিরুদ্ধে রাজ্য জুড়ে অভিযান চালাল সিআইডি। সূত্রের খবর, গত শুক্রবার থেকে সোমবারের মধ্যে রাজ্যের একাধিক জায়গায় তল্লাশি চালিয়ে তারা ন'জনকে ধরেছে।

এঁদের মধ্যে দু'জনকে নিউ টাউন থেকে গ্রেফতার করেছে সিআইডির সল্টলেক ইউনিট। অন্য দু'জনকে উত্তর ২৪ পরগনার আমডাঙার কাছারি মোড় থেকে গ্রেফতার করেছে সিআইডির বারাসত ইউনিট। বাকি পাঁচ জনকে সোমবার তল্লাশি চালিয়ে ভাটপাড়া থানা এলাকার কাঁকিনাড়া থেকে ধরা হয়েছে। কাঁকিনাড়ার ধৃতদের থেকে অনলাইন লটারির বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। ভাটপাড়া থানায় মামলাও রুজু হয়েছে।

এ ছাড়াও তল্লাশি চলেছে মুর্শিদাবাদের লালবাগ-সহ বিভিন্ন এলাকায়। তল্লাশি চালিয়ে গোয়েন্দারা অনলাইন লটারির প্রচুর সামগ্রী ও ভুয়ো লটারি বাজেয়াপ্ত করেছেন। অভিযোগ, বিক্রেতারা কোনও নথি দেখাতে পারেননি। ঘটনায় নিউ টাউন থানা ও আমডাঙা থানায় নির্দিষ্ট ধারায় মামলা রুজু হয়েছে।

এক পুলিশকর্তা জানান, সিআইডি-র বারাসত ইউনিট অনলাইন লটারির সঙ্গে সাট্টা স্লিপও বাজেয়াপ্ত করেছে। ধৃতদের পিছনে একটি চক্র রয়েছে। যাঁরা এ ভাবে ভুয়ো লটারি এবং বেআইনি অনলাইন লটারির ব্যবসা চালাচ্ছেন, আদতে তাঁরা সরকারের রাজস্ব ক্ষতি করছেন বলে তিনি জানান।

গত শুক্র এবং শনিবার বেআইনি ভাবে লটারি বিক্রির বিরুদ্ধে জেলায় জেলায় অভিযানে নামেন সিআইডির গোয়েন্দারা। তাঁরা জানান, কিছু দিন ধরেই রাজ্যের একাধিক জায়গা থেকে ভুয়ো লটারি বিক্রি হচ্ছে বলে অভিযোগ আসছিল। এমনকি, বেআইনি অনলাইন লটারিরও ব্যবসা চলছে বলে খবর ছিল। এর ফলে বার বার লটারি কেটে সর্বস্বান্ত হচ্ছিলেন সাধারণ মানুষ।

এ দিকে বেআইনি লটারি বিক্রি করে মুনাফা অর্জন করছিলেন এক শ্রেণির লটারি বিক্রেতা। অথচ, সেই রাজস্ব পৌঁছচ্ছিল না সরকারের কোষাগারে। উল্লেখ্য, বছর দেড়েক আগে সিআইডি ওই একই কায়দায় একই অভিযোগে রাজ্য জুড়ে বেআইনি লটারির বিরুদ্ধে তল্লাশি চালিয়ে ৩০ জনকে ধরেছিল।

## অস্বাভাবিক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা

ঘর থেকে অচৈতন্য অবস্থায় উদ্ধার করা হয়েছিল এক বৃদ্ধাকে। তাঁকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে জানান। সোমবার বেলা সাড়ে ১২টা নাগাদ ঘটনাটি ঘটেছে পার্ক স্ট্রিট থানা এলাকায়। মৃতার নাম রঞ্জনা আনেজা (৭০)। পার্ক স্ট্রিটে একটি চারতলা বহুতলে থাকতেন তিনি।

# মেয়েদের ক্ষমতায়নে ২৫ বছরে পা 'রসিক ভিটা'র

নিজস্ব সংবাদদাতা

পথ চলাটা শুরু হয়েছিল ২৫ বছর আগে। লক্ষ্য ছিল, সমাজের পিছিয়ে পড়া মেয়েদের স্বাবলম্বী করে তোলা। প্রথমে তেমন ভাবে শিক্ষার্থী না মিললেও, এখন বছরে অন্তত দেড় হাজার মহিলাকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ দিয়ে স্বাবলম্বী করার কাজ করে চলেছে শ্রী সারদা মঠ রসিক ভিটা। সোমবার ২৫ বছরে পদার্পণ উপলক্ষে সকাল থেকেই আয়োজন করা হয়েছিল বিশেষ পুজো ও হোমের। শ্রী সারদা মঠ ও রামকৃষ্ণ সারদা মিশনের অধ্যক্ষ প্রব্রাজিকা প্রেমপ্রাণা-সহ অন্য প্রবীণ সন্ন্যাসিনীরা উপস্থিত ছিলেন। ছিল সঙ্গীতের আয়োজনও। ২৫ বছর পূর্তি উদ্‌যাপন উপলক্ষে আগামী এক বছর ধরে আলোচনাসভা-সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজনও থাকছে।



রসিক ভিটার ২৫তম বর্ষে পদার্পণের অনুষ্ঠানে পূজার্চনায় উপস্থিত শ্রী সারদা মঠ ও রামকৃষ্ণ সারদা মিশনের অধ্যক্ষ প্রব্রাজিকা প্রেমপ্রাণা এবং অন্য সন্ন্যাসিনীরা। সোমবার, দক্ষিণেশ্বরে। ছবি: সুমন বল্লভ

দক্ষিণেশ্বর মন্দিরের অদূরেই মেথর রসিকের বাড়ি। সেখানে খোদ শ্রীরামকৃষ্ণের পদধূলি পড়েছে একাধিক বার। স্বামী বিবেকানন্দ তাঁর 'মাই মাস্টার' ভাষণেও তুলে ধরেছেন সকলের অগোচরে রসিকের বাড়িতে গিয়ে শ্রীরামকৃষ্ণের নর্দমা সাফ করার মতো ঘটনা। সেই বাড়ির জায়গাতেই শিক্ষা ও সংস্কৃতির পীঠস্থান গড়ে তোলার লক্ষ্যে ১৯৯৯-এর ২৬ নভেম্বর 'রসিক ভিটা'র ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন শ্রী সারদা মঠ ও রামকৃষ্ণ সারদা মিশনের তৃতীয় অধ্যক্ষ প্রব্রাজিকা শ্রদ্ধাপ্রাণা। ২০০১-এর ২৪ নভেম্বর নতুন রূপে তৈরি 'রসিক ভিটা'র দ্বার উন্মোচন করেন শ্রদ্ধাপ্রাণা। কম্পিউটার প্রশিক্ষণ দিয়ে শুরু করে স্পোকেন ইংলিশ, চাকরির প্রস্তুতি-সহ বিভিন্ন বৃত্তিমূলক প্রশিক্ষণ এখন মিলছে রসিক ভিটা থেকে।

রসিক ভিটার তরফে প্রবীণ সন্ন্যাসিনী প্রব্রাজিকা অশেষপ্রাণা জানান, শিক্ষার্থীর সংখ্যা বাড়তে থাকায় আরও ছ'টি শাখা কেন্দ্র চালু হয়েছে। আরও একটি কেন্দ্র তৈরি করা হচ্ছে, যেখানে দৃষ্টিহীন মেয়েদের জন্যও থাকবে প্রশিক্ষণের ব্যবস্থা। ছবি ও লেখার মেলবন্ধনে রসিক ভিটার ইতিহাস, গুরুত্ব ও যাত্রাপথও তুলে ধরা হয়েছে প্রদর্শনীতে।

## শিবপুরে ইতিহাসের উজ্জ্বল উদ্ধার

নিজস্ব সংবাদদাতা

বাংলা তথা সদ্য স্বাধীন ভারতের উজ্জ্বল ইতিহাস মিশে আছে শিবপুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজির (আইআইইএসটি) শিক্ষাঙ্গনে। সোমবার ১৭০তম প্রতিষ্ঠা দিবসে ঐতিহাসিক স্লেটার হলে তাদের মহাফেজখানা বা আর্কাইভের উদ্বোধনটি সম্পন্ন হল। প্রধান অতিথি বিআইটি, মেসরার উপাচার্য তথা শিবপুরের প্রাক্তনী ইন্দ্রনীল মান্না বলছিলেন, তাঁরা ছাত্র থাকাকালীন পুরনো ম্যানহোলের গায়ে 'সিই কলেজ অব কলকাতা' লেখা থাকত। ব্রিটিশ আমলে ইঞ্জিনিয়ারিং বলতে সিই বা সিভিল ইঞ্জিনিয়ারিংই বোঝাত।

অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার বিভোর দাস আর্কাইভটি ঘুরিয়ে দেখালেন বোর্ড অব গভর্নর্সের চেয়ারপার্সন তেজস্বিনী অনন্ত কুমারকে। ১৮৫৬ সালের ২৪ নভেম্বর এই প্রতিষ্ঠানটির পথ চলা শুরু রাইটার্স বিল্ডিংয়ের চারটি ঘরে। প্রেসিডেন্সি কলেজ, হেয়ার স্কুল ঘুরে ১৮৮০ নাগাদ শিবপুরে আসা। বার বার নাম, কাঠামো বদলে আজকের আইআইইএসটি। কৃতী প্রাক্তনী, শিক্ষক, প্রশাসকদের গল্প, নথি, ছবি, পুরনো কাগজপত্রে আর্কাইভে ইতিহাস উঠে এসেছে। রয়েছে রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়ের চিঠি। অধিকর্তা ভি এমএসআর মূর্তির উপস্থিতিতে আর্কাইভ উদ্বোধন করে তেজস্বিনী বলেন, ''প্রাক্তনীদের সাহায্যে মহাফেজখানা ডিজিটাইজ় করারও চেষ্টা হবে।'' প্রাক্তনীদের সঙ্গে সংযোগের পোর্টালেরও উদ্বোধন হল এ দিন।


ফর্ম জি

আগ্রহসূচক জ্ঞাপনী আহ্বান

**গুপ্তা পাওয়ার ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড**

(ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি (ইনসলভেন্সি রেজোলিউশন প্রসেস ফর কর্পোরেট পারসন্স) রেগুলেশনস, ২০১৬-এর রেগুলেশন ৩৬এ (১) অধীন)

প্রাসঙ্গিক বিবরণ

| | | |
|---|---|---|
| ১। | কর্পোরেট দেনদারের নাম তৎসহ প্যান/সিআইএন/এলএলপি নং | গুপ্তা পাওয়ার ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড U31300WB1961PLC025104 |
| ২। | রেজিস্টার্ড অফিসের ঠিকানা | বর্তমান রেজিস্টার্ড অফিস: ইএন-৬২, সেক্টর-V, ৮ম তল, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ, ভারত, ৭০০০৯১ |
| ৩। | ওয়েবসাইটের ইউআরএল | https://guptapower.com/ |
| ৪। | বেশিরভাগ স্থায়ী পরিসম্পৎ যে স্থানে রহিয়াছে তাহার বিবরণ | উক্ত কোম্পানির এক ভৌগোলিক বিস্তৃত উৎপাদন কেন্দ্র তৎসহ সুবিধাদি রহিয়াছে: খুরদা - ওড়িশা (পূর্ব ভারত), গুম্মিডিপুন্ডি – চেন্নাই (দক্ষিণ ভারত) এবং কাশীপুর – উত্তরাখণ্ড (উত্তর ভারত) তৎসহ ভারতের বিভিন্ন স্থানে একাধিক ইপিসি সাইট বিদ্যমান। প্রাপ্ত তথ্যানুসারে, ইহার অন্যান্য স্থায়ী পরিসম্পৎ রাজারহাট (পশ্চিমবঙ্গ)-তে অবস্থিত, সেইসঙ্গে ওড়িশার বিভিন্ন জেলায় অবস্থিত ভূ-খণ্ডসমূহ এবং হালোল (গুজরাত)-তেও বিদ্যমান। |
| ৫। | প্রধান পণ্য/সার্ভিসের সংস্থাপিত সামর্থ্য | উক্ত কোম্পানির পণ্যের পোর্টফোলিও নিম্নোক্ত সমন্বিত: অ্যালুমিনিয়াম, অ্যালুমিনিয়াম-মিশ্রধাতু, অ্যালুমিনিয়াম-স্টিল রিইনফোর্সড কন্ডাক্টর; উচ্চ-টেনশন ও নিম্ন-টেনশন পাওয়ার কেবেল; কন্ট্রোল কেবেল, ইনস্ট্রুমেন্টেশন ও সিগন্যাল কেবেল, এরিয়াল বাঞ্চড কেবেল এবং ইন্ডাস্ট্রিয়াল কেবেল। কোম্পানি বিদ্যুৎ উপকেন্দ্র ও ট্রান্সমিশন লাইন স্থাপন সংক্রান্ত ইপিসি চুক্তিও সম্পাদন করে থাকে, এবং 'Rhino' ব্র্যান্ড নামে দেশীয় কেবেলের খুচরা ব্যবসাও পরিচালিত হয়। সামগ্রিক ক্যাপাসিটি আনুমানিক বছরে ১,৫০,০০০ মেট্রিক টন পর্যন্ত। |
| ৬। | বিগত আর্থিক বৎসরে বিক্রেয় প্রধান পণ্য/ সার্ভিসের পরিমাণ এবং মূল্য | জ্ঞাত নহে* *দ্রষ্টব্য: প্রাপ্ত শেষ আর্থিক হিসাব অনুসারে ২০২১-২২ অর্থবর্ষে পণ্য বিক্রয় মূল্য ছিল টাঃ ৩৪,৫৯,৭৭,৭০,০০০/- এবং ২০২১-২২ অর্থবর্ষে সার্ভিসের বিক্রয়মূল্য ছিল টাঃ ১,৪৪,৭৩,৪৪,০০০/-। |
| ৭। | কর্মী/শ্রমিক-এর সংখ্যা | জ্ঞাত নহে* *দ্রষ্টব্য: উত্তরাখণ্ডের কাশীপুরে ফেসিলিটির কার্যক্রম চালু রহিয়াছে। সিডি-এর কার্যক্রমগত প্রয়োজন অনুসারে বর্তমানে নিযুক্ত স্থায়ী কর্মচারী ও চুক্তিভিত্তিক শ্রমিক সহ কর্মীবাহিনীর সংখ্যা আনুমানিক ৫০০ জন পর্যন্ত। |
| ৮। | পরবর্তী বিবরণাদি, যথা গত দুই অর্থবর্ষের উপলব্ধ সর্বশেষ আর্থিক বিবৃতি (তালিকা সহ), দেনদারদের তালিকা, প্রক্রিয়ার পরবর্তী ঘটনাবলির প্রাসঙ্গিক তারিখ ইত্যাদি নিম্নোক্ত মাধ্যমে প্রাপ্তিযোগ্য: | বিস্তারিত বিবরণ ইলেকট্রনিক মাধ্যমে এইখানে ইমেল করিয়া পাওয়া যাইবে: ip.guptapower@gmail.com |
| ৯। | কোডের ২৫(২)(এইচ) ধারা অধীন রেজোলিউশন দরখাস্তকারীর যোগ্যতা পাওয়া যাইবে এইখানে: | রেজোলিউশন দরখাস্তকারীকে ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬-এর ২৯এ ধারা অধীনে যোগ্য হইতে হইবে। বিশদ বিবরণ পাওয়া যাইবে বিস্তারিত আইইওআই-তে, যাহা ইলেকট্রনিক মাধ্যমে এইখানে ইমেল করিয়া পাওয়া যাইবে: ip.guptapower@gmail.com |
| ১০। | আগ্রহসূচক জ্ঞাপনী গ্রহণের শেষ তারিখ | ১০ ডিসেম্বর, ২০২৫ |
| ১১। | সম্ভাব্য রেজোলিউশন দরখাস্তকারীদের সাময়িক তালিকা ইস্যুর তারিখ | ২০ ডিসেম্বর, ২০২৫ |
| ১২। | দরখাস্তকারীর সাময়িক তালিকায় আপত্তি দাখিলের শেষ তারিখ | ২৫ ডিসেম্বর, ২০২৫ |
| ১৩। | সম্ভাব্য রেজোলিউশন দরখাস্তকারীদের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ | ৩০ ডিসেম্বর, ২০২৫ |
| ১৪। | সম্ভাব্য রেজোলিউশন দরখাস্তকারীদের রেজোলিউশন প্ল্যানের জন্য অনুরোধ, ইভালুয়েশন ম্যাট্রিক্স এবং ইনফরমেশন মেমোর‍্যান্ডাম ইস্যুর তারিখ | ০৩ জানুয়ারি, ২০২৬ |
| ১৫। | রেজোলিউশন প্ল্যান দাখিলের শেষ তারিখ | ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ |
| ১৬। | ইওআই দাখিলের প্রক্রিয়া সংক্রান্ত ইমেল আইডি | ip.guptapower@gmail.com |

তারিখ: ২৫ নভেম্বর ২০২৫
স্থান: সুরাত

স্বাঃ/- সিএ. প্রদীপ কুমার কাবরা
মেঃ গুপ্তা পাওয়ার ইনফ্রাস্ট্রাকচার লিমিটেড-এর জন্য আইআরপি/আরপি
আইবিবিআই রেজিস্ট্রেশন নং: IBBI/IPA-001/IP-P01104/2017-18/11790
ইমেল: ip.guptapower@gmail.com





নতুন যুগের সূচনায় প্রতিটি হৃদয়ে জাগে আস্থার আলো

দিব্য ভব্য নব্য অযোধ্যা

সপ্তপুরীর মধ্যে প্রথম, শ্রীঅযোধ্যা ধাম, মর্যাদা পুরুষোত্তম প্রভু শ্রী রামের পবিত্র জন্মভূমি।
দিব্য ও ভব্য শ্রী রাম জন্মভূমি মন্দির নির্মাণ সম্পূর্ণ হওয়ার শুভ উপলক্ষে
মন্দিরের শিখরে ২২×১১ ফুটের আস্থার প্রতীক
**ধর্ম ধ্বজা-এর পুনঃস্থাপন**

করবেন
**নরেন্দ্র মোদী**
প্রধানমন্ত্রী





গৌরবময় উপস্থিতি

আনন্দীবেন পটেল, রাজ্যপাল, উত্তর প্রদেশ | ডঃ মোহনরাও ভগবত, সরসঙ্ঘচালক, রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ | যোগী আদিত্যনাথ, মুখ্যমন্ত্রী, উত্তর প্রদেশ | মহন্ত নৃত্যগোপাল দাস, প্রেসিডেন্ট, শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্র ট্রাস্ট

কেশব প্রসাদ মৌর্য, উপমুখ্যমন্ত্রী, উত্তর প্রদেশ | ব্রজেশ পাঠক, উপমুখ্যমন্ত্রী, উত্তর প্রদেশ | সূর্য প্রতাপ শাহী, মন্ত্রী, কৃষি, কৃষি শিক্ষা ও কৃষি গবেষণা, উত্তর প্রদেশ | জয়বীর সিংহ, মন্ত্রী, পর্যটন ও সংস্কৃতি, উত্তর প্রদেশ

এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তি

তারিখ: ২৫ নভেম্বর, ২০২৫ | সময়: দুপুর ১২:০০টা | স্থান: শ্রী রাম জন্মভূমি মন্দির কমপ্লেক্স, শ্রী অযোধ্যা ধাম

মন্দিরের বৈশিষ্ট্যসমূহ: শ্রী রাম জন্মভূমি: ২.৭ একর জুড়ে বিস্তৃত তিনতলা প্রধান মন্দির কমপ্লেক্স | পরকোটায় ছয়টি মন্দিরের উপরে ভগবান শিব, ভগবান গণেশ, ভগবান হনুমান, সূর্যদেব, মা ভগবতী ও মা অন্নপূর্ণা এবং শেষাবতার মন্দিরে ধ্বজদণ্ড ও কলস স্থাপন | সপ্তমণ্ডপে মহর্ষি বাল্মীকি, মহর্ষি বশিষ্ঠ, মহর্ষি বিশ্বামিত্র, মহর্ষি অগস্ত্য, রামভক্ত নিষাদরাজ, মাতা শবরী ও ঋষিপত্নী অহল্যার জন্য নিবেদিত মন্দির | সন্ত তুলসীদাস মন্দির সেইসঙ্গে রামভক্ত জটায়ু ও কাঠবিড়ালির প্রতিমা | ১০ একর জুড়ে বিস্তৃত পঞ্চবটী, ৩.৫ কিমিঃ সীমানা প্রাচীর, ট্রাস্ট অফিস, অতিথিশালা, অডিটোরিয়াম এবং আরও বহু সুবিধা | ভক্ত, তীর্থযাত্রী ও দর্শনার্থীদের জন্য সামগ্রিক সুযোগ-সুবিধা

কাজ দমদার – ডবল ইঞ্জিন সরকার

সরাসরি সম্প্রচার DD NEWS & Youtube.com/DDNEWS

তথ্য ও জনসংযোগ দপ্তর, উঃপ্রঃ

UPGovtOfficial | CMOUttarpradesh | CMOfficeUP